



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
এনএসসি টাওয়ার (১২তলা)
৬২/৩ পুরানা পল্টন
ঢাকা-১০০০।

এমআরএ/সার্কুলার লেটার নং- রেগু-১৩

তারিখ : ১৭ বৈশাখ ১৪১৯ বাংলা
৩০ এপ্রিল ২০১২ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ক্ষুদ্রঋণ বহির্ভূত কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান তাদের উদ্বৃত্ত তহবিল ব্যবহার করে কিংবা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় ক্ষুদ্রঋণ বহির্ভূত কার্যক্রম, লেন-দেন, শিল্প বা ব্যবসা-বাণিজ্য এবং বিভিন্ন ধরনের সেবা প্রদান করছে। মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর ২৪(৩) ধারা এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর ২১(গ) অনুযায়ী ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলো উদ্বৃত্ত তহবিল ব্যবহার করে অথবা তাদের ব্যবস্থাপনায় উপরোক্ত কার্যক্রম পরিচালনার পূর্বে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি'র অনুমোদন গ্রহণ বাধ্যতামূলক। ইতিমধ্যে যে সকল প্রতিষ্ঠান এ ধরনের কার্যক্রম পরিচালনা করছে তাদেরকে আগামী ৩০ জুন ২০১২ তারিখের মধ্যে আইন ও বিধি অনুযায়ী অথরিটির অনুমোদন গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো।

এছাড়া, ভবিষ্যতে কোন প্রতিষ্ঠান কর্তৃক উপরোল্লিখিত কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে আইন ও বিধির নির্দেশনা মোতাবেক অথরিটির পূর্বানুমোদন গ্রহণের জন্যও পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(আবু ফরাহ মোঃ নাছের)

পরিচালক

ফোন : ৯৫৬৬৫১২

অনুলিপি নং- এমআরএ/রেগুলেশন-৯(৪)/২০১১-২০১২-

তারিখঃ এ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)

উপ-পরিচালক

ফোন: ৯৫৬৬৫১৪